দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 JUL 2017
পৃষ্ঠা ৩৭ কলাম ৭

# হামদর্দ ভার্সিটির নয়া ভিসি ড. আব্দুল মান্নান

অধ্যাপক ড. আব্দুল মান্নানকে হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ প্রদান করেছেন রাষ্ট্রপতি চ্যান্সেলর মোঃ আব্দুল হামিদ। গত বুধবার এক প্রজ্ঞাপনের মাধ্যমে তাকে আগামী চার বছরের জন্য হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ দেয়া হয়। ড. আব্দুল মান্নান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে মাস্টার্স, অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব নিউ ইংল্যান্ড থেকে শিক্ষা প্রশাসনে সম্মানসহ মাস্টার্স ডিগ্রী অর্জন করেন এবং পরবর্তীতে একই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেন।

তিনি পাপুয়া নিউগিনি ইউনিভার্সিটিতে অধ্যাপক ও উর্ধতন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের প্রতিষ্ঠাকালীন ভাইস চ্যান্সেলর হিসেবে ২০১২ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। ২০১৬ সালের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত পুন্ড্রা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর পদেও দায়িত্ব পালন করেন। তিনি কমনওয়েলথ অব লার্নিংয়ের অনারারি এ্যাডভাইজার ছিলেন। উচ্চশিক্ষা এবং দূরদর্শন শিক্ষার উন্নয়নে তার বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ পাপুয়া নিউগিনি সরকার তাকে ওই দেশের জাতীয় পুরস্কার প্রদান করে। -বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং